গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
লাকসাম, কুমিল্লা।

স্মারক নং - ৪০১

তারিখ- ০১/০৬/২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়- লাকসাম উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সভার আহবান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, আগামী ০৮.০৬.২০২৩ খ্রিঃ তারিখে বেলা ১১.০০ ঘটিকায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা এর সভাপতিত্বে উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়ে উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির এক সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সম্মানীত সকল সদস্যগণকে যথা সময়ে সভায় উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

01/06/23

(সৈয়দ শাহিনুর ইসলাম)
উপজেলা কৃষি অফিসার
লাকসাম, কুমিল্লা।

জনাব ................................................
................................................
লাকসাম, কুমিল্লা।

# উপজেলা কৃষি ও সেচ কমিটির সভার কার্যবিবরনী ঃ-

**স্থান ঃ-** উপজেলা কৃষি অফিসার এর কার্যালয়, লাকসাম, কুমিল্লা।

**তারিখঃ-** ০৮/০৬/২০২৩ খ্রিঃ

সময়ঃ- সকাল ১১.০০ ঘটিকা।

**সভাপতিঃ-** জনাব মহব্বত আলী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম ,কুমিল্লা।

**আলোচ্যসূচী ঃ-**

১। বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।

২। বর্তমানে আউশ আবাদের অগ্রগতি।

৩। নিরাপদ সবজি গ্রাম স্থাপন।

৪। আমন উফশী ও হাইব্রিড প্রণোদনা সংক্রান্ত।

৫। ফসলের টপ সয়েল কাটার মাধ্যমে ভবিষ্যৎ কৃষি হুমকির সম্মুখীন হওয়া প্রসঙ্গে।

৬। বিবিধ।

**উপস্থিত সদস্যগনের নাম, পদবী ও স্বাক্ষর ( স্বাক্ষরের ক্রমানুসারে)**

| | উপস্থিত সদস্যের নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব সৈয়দ শাহিনুর ইসলাম | উপজেলা কৃষি অফিসার, লাকসাম, কুমিল্লা | স্বাক্ষরীত |
| ২ | জনাব নিজাম উদ্দীন শামীম | চেয়ারম্যান, গোবিন্দপুর ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা। | ঐ |
| ৩ | জনাব আবদুর রশিদ সওদাগর | চেয়ারম্যান, মুদাফফরগঞ্জ দ: ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা। | ঐ |
| ৪ | জনাব মো: নজরুল ইসলাম | চেয়ারম্যান, আজগরা ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা। | ঐ |

জনাব মহব্বত আলী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা ও সভাপতি উপজেলা কৃষি ও সেচ কমিটি এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য সচিব ও উপজেলা কৃষি অফিসার, লাকসাম, কুমিল্লাকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান।

**আলোচ্যসূচীঃ-০১। বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদনঃ-**

সদস্য সচিব বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কোন রুপ সংশোধন ছাড়াই বিগত সভার কার্যবিবরণী অনুমোদিত হয়।

**আলোচ্যসূচীঃ-০২। বর্তমানে আউশ আবাদের অগ্রগতি ঃ-**

সদস্য সচিব সভায় জানান, মাঠে বর্তমানে ৫০০০ হেক্টর আউশ আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারন করা হয়েছে। তবে এখনো সকল সেচ যন্ত্র চালু না হওয়ার কারনে লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার সম্ভাবনা রয়েছে। মাঠের বর্তমান পরিস্থিতি ভাল রোগ বালাই ও পোকামাকড় এর তেমন কোন আক্রমন নাই। উপসহকারী কৃষি অফিসারগণ যথারীতি মাঠে কৃষকদের প্রযুক্তি সহায়তা দিচ্ছেন।

**সিদ্ধান্তঃ-** মাঠের বর্তমান অবস্থা ভাল থাকায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

**আলোচ্যসূচীঃ- ৩। নিরাপদ সবজি গ্রাম স্থাপন ঃ-**

সদস্য সচিব সভায় জানান, উপজেলার বাকই ইউনিয়নের এবং পৌরসভায় জৈব বালাই নাশক ব্যাবহারের মাধ্যমে নিরাপদ সবজি গ্রাম স্থাপন করা হয়েছে। এখানে কীটনাশক ব্যবহার ছাড়া শুধু মাত্র ফেরোমেন টেপ, জৈব বালাইনাশক ব্যবহার করে নিরাপদ সবজি উৎপাদন করা হয়। যা মানব দেহের জন্য ক্ষতিকর নয়। প্রকল্প থেকে কৃষকদেরকে প্রয়োজনীয় উপকরন সরবরাহ করা হয়ে থাকে। কিন্তু তা প্রয়োজনের তুলনায় অপ্রতুল। এমতাবস্থায়, উপজেলা পরিষদের এডিবি তহবিলের কৃষি ও সেচ খাত থেকে অর্থ বরাদ্দ পেলে আরো বৃহৎ আকারে নিরাপদ সবজি উৎপাদন করা সম্ভব। তাছাড়া যে দুইটি গ্রামে নিরাপদ সবজি উৎপাদন করা হয়, সেখানে বিপননের তেমন সুবিধা নেই। তাই উপজেলা হেড কোয়াটারে নিরাপদ সবজি বিপননের ব্যবস্থা করা হলে ব্যপক প্রচারসহ ভোক্তাগন নিরাপদ সবজি খেতে পারবেন।

**সিদ্ধান্ত ঃ-** উপজেলা পরিষদের মাসিক সমন্বয় কমিটির সভায় বিষয়টি উত্থাপনের জন্য সদস্য সচিবকে অনুরোধ জানানো হয়।

**আলোচ্যসূচীঃ- ৪। আমন উফশী ও হাইব্রিড প্রণোদনাঃ-**

সদস্য সচিব সভায় জানান লাকসাম উপজেলার বিভিন্ন ইউনিয়নে আমন আবাদ বৃদ্ধির লক্ষ্যে ৩৪০ জন উফশী ও হাইব্রিড প্রণোদনার বরাদ্দ পাওয়া গেছে এবং তা বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচী-৫ ঃ ফসলের টপ সয়েল কাটার মাধ্যমে ভবিষ্যৎ কৃষি হুমকির সম্মুখীন হওয়া প্রসঙ্গে ঃ-**

সদস্য সচিব সভায় জানান, উপজেলায় ইটভাটায় ব্যবহারের জন্য যত্রতত্রভাবে কৃষি জমির উপরি স্তরের মাটি কেটে নেওয়ার ফলে কর্তৃত জমির উর্বরতা হ্রাস পাচ্ছে। এ সব জমিতে পরবর্তী ৩-৪ বছর তেমন ফলন পাওয়া যায় না। কারন জমির লাঙ্গল স্তরে (৬" গভীর) গাছের অত্যাবশ্যকীয় উপাদানগুলি বিদ্যমান থাকে। এই স্তরের মাটি কেটে নেওয়ার ফলে পড়ে থাকা অনুর্বর মাটিতে ফসল ভাল হয় না। এতে কৃষকগন আর্থিভাবে ক্ষতিগ্রস্থ হচ্ছে। এ অবস্থা চলতে থাকলে সামগ্রীক ফলন বিপর্যয় দেখা দিতে পারে। তাই জরুরী প্রশাষনিক ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন। কৃষি জমির উপরি স্তরের মাটি বিক্রি না করার জন্য কৃষি বিভাগের পক্ষ থেকে কৃষকদেরকে সচেতন করা হচ্ছে। কিন্তু কিছু কিছু কৃষক নগদ অর্থের আশায় জমির মাটি বিক্রি করছে। এ ব্যপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য সভার দৃষ্টি আকর্ষন করা হয়।

**সিদ্ধান্ত ঃ-** উপজেলা পরিষদের মাসিক সমন্বয় কমিটির সভায় বিষয়টি উত্থাপনের জন্য সদস্য সচিবকে অনুরোধ জানানো হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেণ।

(মহব্বত আলী)
ভাইস চেয়ারম্যান
ও সভাপতি
উপজেলা কৃষি ও সেচ কমিটি
লাকসাম, কুমিল্লা
তারিখ- ০৮/০৬/২০২৩ খ্রিঃ।

স্মারক নং-৪২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
০২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।
০৩। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
০৪। ---------------------------------- সদস্য (সকল), উপজেলা কৃষি ও সেচ কমিটি, লাকসাম, কুমিল্লা।
০৫। সংরক্ষণ নথি।

(সৈয়দ শাহিনুর ইসলাম)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ কমিটি
লাকসাম, কুমিল্লা।

লাকসাম উপজেলা কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থিত সদস্যগণের তালিকা

| ক্র: নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | জনাব মহব্বত আলী<br>ভাইস চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ,লাকসাম | সভাপতি | স্বাক্ষরিত |
| ০২ | চেয়ারম্যান, গোবিন্দপুর ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | চেয়ারম্যান, মুদাফফরগঞ্জ দ: ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | চেয়ারম্যান, আজগরা ইউনিয়ন, লাকসাম, কুমিল্লা। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব সৈয়দ শাহিনুর ইসলাম<br>উপজেলা কৃষি অফিসার<br>লাকসাম, কুমিল্লা। | সদস্য সচিব | স্বাক্ষরিত |